বৈদেশিক মুদ্ৰা নীতি বিভাগ বাংলাদেশ ব্যাংক প্ৰধান কাৰ্যালয় ঢাকা <u>।</u>

website: www.bangladeshbank.org.bd

এফ.ই. সার্কুলার নং-১৮

তারিখ ঃ ০১ অক্টোবর, ২০০৯ ইং ।

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়গণ.

ফরওয়ার্ড ক্রয় দ্বারা ফরওয়ার্ড বিক্রয় আবৃতকরণের শর্ত প্রত্যাহার প্রসঙ্গে ।

শিরোনামোক্ত বিষয়ে 08 জানুয়ারী, ২০০৫ তারিখের এফ.ই. সার্কুলার নং ০১ এর ০২ অনুচ্ছেদের 'ক' উপ– অনুচ্ছেদের প্রতি সকল অনুমোদিত ডিলারের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত উপ–অনুচ্ছেদে অনুমোদিত ডিলারের সমুদয় ফরওয়ার্ড বিক্রয়ের অন্যুন পঞ্চাশ শতাংশ ফরওয়ার্ড ক্রয় দ্বারা আবৃতকরণ এবং অবশিষ্ট অংশ আন্তঃব্যাংক ফরওয়ার্ড ক্রয়ের এবং রপ্তানি বিলের তাৎক্ষণিক ক্রয়ের দ্বারা আবৃতকরণের শর্ত এতদ্বারা প্রত্যাহার করা হলো।

০৩। তদনুসারে ফরওয়ার্ড লেনদেন বিষয়ে Guidelines for Foreign Exchange Transactions (Vol-1), 2009 এর ৪র্থ অধ্যায়ের ৮ অনুচ্ছেদের সংশ্লিষ্ট অংশ (ADs are required to cover at least 50% of their forward sales by forward purchases; the remaining portion may be covered by interbank forward purchase and/or spot purchases of export bills. Forward sales associated with swap transactions are not required to be covered by forward purchases.) বিলোপনকৃত (deleted) বলে গণ্য।

এতদ্সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

**(খন্দকার আবদুস সেলিম)** উপ–মহাব্যবস্থাপক ফোন ঃ ৭১২০৩৭৫ ।